# Times Today BD

সংগীত কুমার | ক্যাম্পাস | 12 May, 2025

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) লালন শাহ হল ও শহীদ জিয়াউর রহমান হলে নতুন প্রভোস্ট নিয়োগ দিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।সোমবার (১২ মে) বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক ড. মোঃ মনজুরুল হক স্বাক্ষরিত পৃথক দুটি অফিস আদেশে এ তথ্য জানানো হয়।

অফিস আদেশ বলা হয়, শহীদ জিয়াউর রহমান হলের নতুন প্রভোস্ট হিসেবে দায়িত্ব পেয়েছেন ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধ্যাপক ড. আব্দুল গফুর গাজী।তিনি সদ্য বিদায়ী প্রভোস্ট অধ্যাপক ড. শেখ এ. বি. এম জাকির হোসেনের স্থলাভিষিক্ত হবেন।

অন্যদিকে, লালন শাহ হলের নতুন প্রভোস্ট হিসেবে নিয়োগ পেয়েছেন ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগের অধ্যাপক ড. গাজী আরিফুজ্জামান।তিনি সদ্য বিদায়ী প্রভোস্ট অধ্যাপক ড. আকতার হোসেনের স্থলাভিষিক্ত হবেন।

নবনিয়োগপ্রাপ্ত দুই প্রভোস্ট ১৫ মে থেকে এক বছরের জন্য দায়িত্ব পালন করবেন এবং নিয়ম অনুযায়ী সব সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন বলে অফিস আদেশে উল্লেখ করা হয়েছে।

একই সঙ্গে, সদ্যবিদায়ী দুই প্রভোস্ট অধ্যাপক জাকির হোসেন ও অধ্যাপক আকতার হোসেনকে দীর্ঘদিন নিষ্ঠা ও আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালন করার জন্য বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ জানানো হয়েছে।

প্রভোস্ট

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 13:51

URL: https://www.timestodaybd.com/public/campus/1948592378